

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
৫ কাওরানবাজার, ঢাকা-১২১৫
আইসিটি সেল
www.brdb.gov.bd

স্মারক নম্বর: ৪৭.৬২.০০০০.৪১১.০৩.০০২.১৮.১৩

তারিখ: ৭ মাঘ ১৪২৫

২০ জানুয়ারি ২০১৯

বিষয়: বিআরডিবি'র জেলা এবং উপজেলা দপ্তরে হার্ডফাইল ও ই-ফাইলে(প্রয়োজ্য ক্ষেত্রে) পত্রজারীর ক্ষেত্রে নির্দেশনা।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিআরডিবি'র নিয়মিত কার্যক্রমে হার্ডফাইল ও ই-ফাইলের মাধ্যমে বিভিন্ন ধরনের পত্রজারীর ক্ষেত্রে একই সাথে লোগো এবং মনোগ্রাম ব্যবহার করা হচ্ছে। এছাড়া পত্র বা নথিতে কোন অংশকে গুরুত্ব দিয়ে একই সাথে Bold এবং Underline করা হচ্ছে। এতে প্রচুর কাগজ/কালি ব্যবহারের মাধ্যমে অর্থের অপচয়সহ সম্পদের ক্ষতিসাধন হচ্ছে।

তাই দাপ্তরিক পত্রজারীর ক্ষেত্রে অভিন্নতা আনয়নে নিম্নলিখিত বিষয়সমূহ অনুসরণ করা প্রয়োজনঃ

- সচিবালয় নির্দেশমালা ২০১৪ অনুসরণে সকল পত্র লিখতে হবে;
- সকল প্রকার পত্রজারীর ক্ষেত্রে শুধুমাত্র মনোগ্রাম ব্যবহার করতে হবে। এক্ষেত্রে লোগো ব্যবহার করার প্রয়োজনীয়তা নেই, মনোগ্রামের ফন্ট মূল পত্রের চেয়ে এক ফন্ট বড় হবে;
- যেহেতু দাপ্তরিক পত্রসমূহ দাপ্তরিক প্যাডে হয়ে থাকে তাই পত্রে স্বাক্ষরের নিচে শুধুমাত্র নাম, পদবী, ফোন নম্বর, ই-মেইল ব্যবহার করা যেতে পারে। এক্ষেত্রে জেলা/উপজেলা দপ্তর, বিআরডিবি পুনরায় লেখার প্রয়োজনীয়তা নেই;
- পত্র বা নথির কোন অংশকে হাইলাইট করার জন্য Bold/Italic/Underline-এর যে কোন একটি ফরমেট দিতে হবে;
- পূর্বে ব্যবহৃত কাগজের অব্যবহৃত অংশ খসড়ার কাজে ব্যবহার করতে হবে;
- পত্র প্রিন্ট করার ক্ষেত্রে কাগজের সবদিকে এক ইঞ্চি করে মার্জিন রাখতে হবে।

উল্লেখিত বিষয়ে সকল জেলার উপপরিচালক এবং উপজেলা পর্যায়ের সকল কর্মকর্তা/কর্মচারী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

মহাপরিচালক মহোদয়ের সদয় অনুমোদনের প্রেক্ষিতে এ নির্দেশনা প্রদান করা হলো।



২০-১-২০১৯

মোঃ হাসানুল ইসলাম, এনডিসি
পরিচালক

ফোন: +৮৮০২৮১৮০০০৪

ফ্যাক্স: +৮৮০২৮১৮০০০৩

বিতরণ :


- ১) উপপরিচালক(সকল), জেলাদপ্তর, বিআরডিবি
- ২) উপজেলা পল্লী উন্নয়ন অফিসার(সকল), উপজেলা দপ্তর,

স্মারক নম্বর: ৪৭.৬২.০০০০.৪১১.০৩.০০২.১৮.১৩/১(২)

তারিখ: ৭ মাঘ ১৪২৫
২০ জানুয়ারি ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে :

- ১) মহাপরিচালকের একান্ত সচিব, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২) উপপরিচালক, প্রোগ্রামিং শাখা, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।



২৩-১-২০১৯

নাজনীন খানম

উপপরিচালক